

অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রথম মহিলা উপ-উপাচার্য

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রথম মহিলা উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন এই বিশ্ববিদ্যালয়ের শিশু বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান। তিনি এ বিশ্ববিদ্যালয়ের নতুন উপ-উপাচার্য (শিক্ষা)-এর শূন্য পদে নিযুক্ত হয়েছেন। গতকাল ০৬-০৩-২০১৮ইং তারিখে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যাসেলর তাঁকে ৩ বছরের জন্য নিয়োগ প্রদান করেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপ-সচিব শাহ আলম মুকুল স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। এদিকে নব নিযুক্ত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান আজ বুধবার ৭ মার্চ ২০১৮ইং তারিখে দায়িত্ব গ্রহণ করে তাঁর অফিসে কাজে যোগ দিয়েছেন।



অধ্যাপক ডা. সাহানা আখতার রহমানের মায়ের নাম রওশন আরা বেগম এবং পিতার নাম শাহ হাবিবুর রহমান। তিনি ঢাকায় জন্মগ্রহণ করেন। তিনি কামরুল্লাহ উচ্চ বিদ্যালয় থেকে মাধ্যমিক এবং হলিক্রস কলেজ থেকে কৃতিত্বের সাথে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। এরপর তিনি ১৯৮২ সালে ঢাকা

মেডিক্যাল কলেজ থেকে এমবিবিএস পাশ করেন। ১৯৯০ সালে তিনি এফসিপিএস (শিশু) এবং ১৯৯৫ সালে যুক্তরাজ্য থেকে মেডিক্যাল এডুকেশনে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। বিশিষ্ট শিশু রোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান ব্যক্তিগতভাবে তিন কন্যার জননী। তারা সবাই দেশের বাইরে অধ্যয়নরত। তাঁর স্বামী বিশিষ্ট অর্থনীতিবিদ ড. আতিউর রহমান বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর এবং বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করছেন।

নব নিযুক্ত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান ১৯৯১ সাল থেকে একনিষ্ঠভাবে চিকিৎসা শিক্ষা, চিকিৎসাসেবা ও গবেষণার সাথে জড়িত। দেশী ও বিদেশী বিভিন্ন জার্নালে তাঁর শতাধিক গবেষণাপত্র প্রকাশিত হয়েছে এবং থিসিস গাইড হিসেবে তিনি ৩০টিরও বেশি এম. ডি এবং এফ.সি.পি.এস গবেষণা কাজ তত্ত্বাবধান করেছেন।

উল্লেখ্য, অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান বাংলাদেশে মেডিক্যাল শিক্ষা কার্যক্রমের নতুন সংযোজন OSCE ও Structured Course Curriculum-এর রূপকার। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক মানের গ্রাজুয়েট নার্সিং বিভাগ চালু করেন। তিনি বাংলাদেশে শিশু রিউম্যাটোলজির Pioneer। অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান শিশুদের উন্নত চিকিৎসা প্রদানের লক্ষ্যে ইউ.কে, সিঙ্গাপুর ও ভারতে বিভিন্ন ক্লিনিক্যাল ফেলোশীপ ট্রেনিং গ্রহণ করেছেন।

এদিকে অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান উপ-উপাচার্য (শিক্ষা) হিসেবে নিযুক্ত হওয়ায় তাঁকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন বিভাগের সম্মানিত বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, অফিস প্রধানগণ, শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, মেডিক্যাল টেকনোলজিস্ট, কর্মচারীবৃন্দ তাঁকে অভিনন্দন জানিয়েছেন।

এছাড়া বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ)সহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকেও নব নিযুক্ত উপ-উপাচার্যকে অভিনন্দন জানিয়েছেন।